## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ১৫/০২/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ১৯/০১/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি বাংলা ১৪৩০ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হয়।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা উপজেলাধীন চান্নিরচক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সংখ্যার তুলনায় পর্যাপ্ত বেঞ্চ না থাকায় পাঠদানের বিঘ্নিত হচ্ছে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বেঞ্চ সরবরাহের আবেদন করেন। উল্লেখ্য যে উক্ত বিদ্যালয়ে অস্থায়ী পরীক্ষার কেন্দ্র থাকায় পরীক্ষার্থীদের জন্য পর্যাপ্ত বেঞ্চ না থাকায় উক্ত বিদ্যালয়ে বেঞ্চ প্রয়োজন। সভার এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার সকলে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কয়রা উপজেলাধীন চান্নিরচক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি উন্মুক্ত ডাকের মাধ্যমে বাংলা ১৪৩০ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কয়রা উপজেলাধীন চান্নিরচক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে বেঞ্চ সরবরাহের প্রাক্কলণ উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | | |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান যে, হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, সকল ইউনিয়ন পরিষদে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের বসার কক্ষে যন্ত্রপাতি রাখার ব্যবস্থা করার জন্য ইউপি চেয়ারম্যানগণের অনুরোধ জানান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠীকে মুরগি প্রদানের মাধ্যমে সাবলম্বী করার কার্যক্রমের আওতায় উপজেলা হতে তালিকা করে ঢাকায় প্রেরণ করা হয়েছে। ঢাকা থেকে অনুমোদনের পর তাদের মুরগি দেওয়া হবে। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br><br>ক্রঃ নং \| কার্যক্রমের বিবরণ \| বাস্তবায়ন অগ্রগতি \| মন্তব্য<br>০১. \| বিশেষ কম্বিং অপারেশন- \| ০৪ জানুয়ারি ২০২৩ হতে ২৫ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ৪ ধাপে \| | -- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২০২৩ | ৩০ দিন উপকূলীয় এলাকাসহ দেশের অন্যান্য নদ-নদীতে মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জালের ব্যবহার বন্ধে "বিশেষ কম্বিং অপারেশন-২০২৩" পরিচালনা করা হচ্ছে। | | |
| ০২. | চিংড়িতে অপদ্রব্য/দূষণ/ পুশ বিরোধী অভিযান | চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>১৪/০২/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) অভিযান- ৩০ টি<br>(খ) আটক- ৩৩ জন<br>(গ) জরিমানা- ৪,১৭,০০০/- টাকা<br>(ঘ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৩৭১ কেজি | | |
| ০৩. | "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম | প্রশিক্ষণ:<br>০৩ দিনের মৌলিক কারিগরি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>০৩ ব্যাচ (৭৫জন) কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>ক্লাষ্টার এর অবকাঠামো উন্নয়ন:<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান। | | |
| ০৪. | মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান | অব্যাহত আছে। | | |
| ০৫. | অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম চলমান। | -- | -- |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানুয়ারি/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | -- | -- |

| সেবার নাম | মোট |
|---|---|
| সক্ষম দম্পত্তি | ৪২২২৮ জন |
| গ্রহণকারী | ৩৩৪৫৭ জন |
| সি এ আর | ৭৯.২৩% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০৪ জন সর্বমোটঃ ০৪ জন। |
| আই ইউ ডি | নতুন ০৮ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ৫৮ জন |
| ইনজেকটেবলস | ৪০৬৭ জন |
| খাবার বড়ি | ২০১৮২ জন |
| কনডম | ১৮১৮ জন |
| মা ও শিশু স্বাস্থ্য সেবা | |
| গর্ভবতীর সংখ্যা | ১৭৭৭ জন |
| এএনসি | ৩৯৫ জন |
| পিএনসি | ৮১ জন |
| ডেলিভারি | UH&FWC : ০৬ জন ও সিএসবিএ কর্তৃক: ০২ জন সর্বমোট: ০৮ জন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জীবিত জন্ম — ০৮ জন<br>মাতৃমৃত্যু — ০ জন<br>শিশু মৃত্যু — ০ জন<br>শিশু স্বাস্থ্য সেবা<br>কেন্দ্র — ৫২২ জন<br>কেন্দ্রের বাহিরে — ১১০ জন<br>সাধারণ রোগী — ৩১৪৪ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ১৪/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৭ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ৩১,০৬০/- টাকা এর মধ্যে ৩১,০৬০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৯৩৫/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য করা হয়েছে ৮,৫২১/- টাকা এর মধ্যে ৮,৫২১/- টাকা আদায় করে অন সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ- ০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৬৮,২৭৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,০৩৪/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় (৩য় ধাপের) ৪৪ টি গভীর নলকূপের স্থাপনের কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় ০৯ টি ওয়াশ ব্লকের মধ্যে ০৬টির কাজ সমাপ্ত বাকী ০৩টির কাজ ও ২৫টি টিএসপি স্থাপনের কাজ চলমান রয়েছে। GPS ও NNGPS প্রকল্পের আওতায় ১১টি গভীর নলকূপের কাজ সমাপ্ত। ১ম ও ২য় ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>স্থাপনের কাজে ৭১টি রেইনওয়াটার হার্ভেস্টিং ও ২টি গভীর নলকূপ স্থাপন কাজ সহ অন্যান্য কাজ শেষ হয়েছে। এছাড়া জিসিএ প্রকল্পে ২৮টি কমিউনিটি বেজসড রেইন ওয়াটার হার্ভেস্টিং কাজের মধ্যে ০৪টি ও ০২ টি পুকুরের আন্ড্রা ফিল্টারের কাজ সমাপ্ত হয়েছে। বাকী কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td></td><td></td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলাধীন সকল ইউনিয়নে ভিজিডি, মাতৃত্বকালীন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জানুয়ারি/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>০</td><td>৯০</td><td>৮৬১৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (রাজস্ব)</td><td>০</td><td>৯,৯০,০০০/-</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৯,৬০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প (ঋণ বিতরণ)</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার (রাজস্ব)</td><td>৯১%</td><td>৯২%</td><td>৯৬%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>৩</td><td>২৫</td><td>৩৪৪৩ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন তালিকাভুক্তি</td><td>০০</td><td>০১</td><td>১৩ টি</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ ১০৯.৮৫ (লক্ষ টাকা), ঋণ বিতরণ ৯০.৮১ (লক্ষ টাকা), পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৪০টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। আমাদী, মহারাজপুর ও মহেশ্বরীপুর ইউনিয়নের জনসাধারণ এর সুবিধা ভোগ করেন। প্রকল্প বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সক্রিয় ভূমিকা পালন করেন এবং প্রকল্প স্কীম অনুমোদন করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় যে অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ২,৫৪,৭৪,০০০/- (দুই কোটি চুয়ান্ন লক্ষ চুয়াত্তর হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৫১,০০,০০০/- (একান্ন লক্ষ হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ২৫,৫০,০০০/- (পঁচিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৭৯/- |
| ০৫. | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯০/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,৫০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল। | ১২,৬৫০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর জানুয়ারি/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২৩,৫৪৪/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০২/২০২৩

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-১২ (৪৫) | তারিখঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..............................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান......................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd